- (ক) পত্র জারির মাধ্যমে সুনির্দিষ্ট সময়ের মধ্যে উক্ত এনজিও বা ব্যক্তিকে সতর্ক হইবার বা সংশোধনের জন্য লিখিত নির্দেশ দিতে পারিবেন;
- (খ) নির্ধারিত পদ্ধতিতে উক্ত এনজিও বা সংস্থার অনুকূলে ব্যুরো কর্তৃক প্রদত্ত নিবন্ধন বাতিল, স্থগিত বা স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম বন্ধ করিতে পারিবেন;
- (গ) বিনা অনুমতিতে বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত পদ্ধতিতে, সর্বনিম্ন গৃহীত বৈদেশিক অনুদানের আর্থিক মূল্যের সমপরিমাণ অথবা অনধিক উহার তিনগুণ পরিমাণ অর্থ জরিমানা আদায় করিতে পারিবেন;



(ঘ) দেশের প্রচলিত আইনের অধীন শাস্তি প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট এনজিও বা ব্যক্তির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(২) কোন এনজিওর কোন কর্মকর্তা এই আইনের অধীন কোন অপরাধ সংঘটন করিলে তাহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, যদি কোন ব্যক্তি প্রমাণ করিতে পারেন যে, সংঘটিত অপরাধটি তাহার জ্ঞাতসারে ঘটে নাই বা অপরাধ যাহাতে সংঘটিত না হয় সেই জন্য তিনি যথেষ্ট প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন সেই ক্ষেত্রে তিনি উক্ত অপরাধের জন্য শাস্তিযোগ্য হইবেন না।

১৬। ব্যুরো কর্তৃক প্রদত্ত নিবন্ধন বাতিল বা কার্যক্রম স্থগিত, ইত্যাদির ক্ষেত্রে করণীয়।—এই আইনের অধীন কোন এনজিওর নিবন্ধন বাতিল বা কার্যক্রম স্থগিত করা হইলে, অথবা নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইলে, অথবা অন্য কোন কারণে বিলুপ্ত হইলে মহাপরিচালক, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নবর্ণিত আদেশ প্রদান করিতে পারিবেন, যথা :—

- (ক) কোন ব্যাংক বা ব্যক্তি যাহার নিকট সংশ্লিষ্ট এনজিওর বৈদেশিক অনুদানের অর্থ, অথবা উক্ত অনুদানের অর্থ দ্বারা অর্জিত স্থাবর-অস্থাবর সম্পত্তি, সিকিউরিটিজ অথবা অন্য কোন সম্পত্তি গচ্ছিত রহিয়াছে তাহাদিগকে উক্ত সম্পদ মহাপরিচালকের লিখিত অনুমতি ব্যতীত বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে নিষেধাজ্ঞার নির্দেশ;
- (খ) কোন এনজিও বিলুপ্ত করিবার জন্য অথবা অন্য কোন কারণে মোকদ্দমা দায়ের ও মোকদ্দমা পরিচালনার জন্য প্রশাসক নিয়োগ;
- (গ) সংশ্লিষ্ট এনজিওর সকল দায়-দেনা পরিশোধের পর উদ্বৃত্ত অবশিষ্ট অর্থ বা সম্পদ সংশ্লিষ্ট বৈদেশিক অনুদান প্রদানকারীর নিকট হস্তান্তরের নির্দেশ;
- (ঘ) যদি কোন কারণে দফা (গ) এর অধীন উদ্বৃত্ত অবশিষ্ট অর্থ বা সম্পদ সংশ্লিষ্ট বৈদেশিক অনুদান প্রদানকারীর নিকট হস্তান্তর করা সম্ভব না হয় সেই ক্ষেত্রে উক্ত উদ্বৃত্ত অবশিষ্ট অর্থ বা সম্পদ, ক্ষেত্রমত, সরকারি হিসাবে অথবা বিলুপ্ত এনজিওর উদ্দেশ্যে সম্বলিত অনুরূপ কোন এনজিওর নিকট হস্তান্তরের নির্দেশ প্রদান।

১৭। আপিল।—(১) কোন এনজিও বা ব্যক্তি এই আইনের অধীন ব্যুরো কর্তৃক প্রদত্ত কোন আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে উক্তরূপ আদেশ প্রদানের ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, বরাবর আপিল করিতে পারিবেন এবং সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, আপিল কর্তৃপক্ষ হিসাবে গণ্য হইবেন :

তবে শর্ত থাকে যে, যুক্তিসঙ্গত কারণে উক্ত ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে আপিল করিতে ব্যর্থ হইলে সেইক্ষেত্রে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে আপিল কর্তৃপক্ষ আপিল দায়েরের সময় অনধিক ১৫ (পনের) কর্মদিবস বর্ধিত করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন আপিল গ্রহণ বা প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) কর্মদিবসের মধ্যে আপিল নিষ্পত্তি করিতে হইবে।

(৩) আপিল কর্তৃপক্ষ ব্যুরো কর্তৃক প্রদত্ত যে কোন আদেশ বহাল, বাতিল অথবা সংশোধন করিতে পারিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮। এনজিওদের সংগঠন।—এই আইনের অধীন নিবন্ধিত এনজিওদের মধ্যে সমন্বয় সাধন ও সহযোগিতার লক্ষ্যে এবং সরকারকে সহযোগিতা প্রদানের নিমিত্ত আর্থহী এনজিওদের সমন্বয়ে সংগঠন করা যাইবে।

১৯। বিধি প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার প্রয়োজনে, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, যে কোন কার্যক্রম গ্রহণ ও সম্পাদন সম্পর্কে নির্দেশ প্রদান করিত পারিবে।

২০। নির্বাহী আদেশ জারি।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, প্রয়োজনে, সময় সময় নির্বাহী আদেশ জারি করিতে পারিবে।

২১। রহিতকরণ ও হেফাজত।—(১) Foreign Donations (Voluntary Activities) Regulation Ordinance, 1978 (Ordinance No. XLVI of 1978) এবং Foreign Contributions (Regulation) Ordinance, 1982 (Ordinance No. XXXI of 1982) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত Ordinance দুইটির অধীন—

- (ক) কৃত কোন কাজ-কর্ম বা প্রণীত কোন বিধি বা জারীকৃত কোন আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন বা প্রদত্ত কোন নোটিশ বা দায়েরকৃত কোন অভিযোগ বা দাখিলকৃত কোন দরখাস্ত, এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন কৃত, প্রণীত, জারীকৃত, প্রদত্ত, দায়েরকৃত এবং দাখিলকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে;
- (খ) কোন কার্যক্রম চলমান থাকিলে, এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, উহা এমনভাবে চলমান ও অব্যাহত থাকিবে যেন উহা এই আইনের অধীন গৃহীত হইয়াছে; এবং
- (গ) এই আইন প্রবর্তনের তারিখে কোন আদালতে কোন মামলা বা আইনগত কার্যধারা নিষ্পন্নধীন থাকিলে, উক্ত মামলা বা কার্যধারা রহিত অধ্যাদেশ দুইটির বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে, যেন উক্ত অধ্যাদেশ দুইটি রহিত হয় নাই।

২২। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

ড: মোঃ আবদুর রব হাওলাদার  
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Disclaimer: This is an unofficial English translation for readers' convenience. For official purposes, the Bangla version must be followed.

## **BANGLADESH GAZETTE**

Supplementary edition  
Published by the Authority  
Thursday , October 13, 2016

**Bangladesh National Parliament**  
**Dhaka, 28 Ashin 1423/ 13 October 2016.**

The following law approved by the parliament house on 28 Ashin 1423/ 13 October 2016, is published for the people upon consent of the president.

### **43 NO. LAW OF 2016**

#### **FOREIGN DONATIONS (VOLUNTARY ACTIVITIES) REGULATION ACT 2016**

Whereas it is necessary and expedient to promulgate a new law updating and considering the provisions of the Foreign Donations (Voluntary Activities) Regulations Ordinance 1978 (Ordinance No. XLVI of 1978) and Foreign Contributions (Regulation) Ordinance 1982 (Ordinance No. XXXI of 1982) by repealing the same

Now, therefore the following Act is hereby promulgated: -

1. **Short Title and Commencement.** – (1) This Act shall be called the Foreign Donations (Voluntary Activities) Regulation Act 2016.
- (2) It shall come into force on such date as the Government may, by notification in the official Gazette, appoint.
2. **Definitions.** – In this Act, unless there is anything repugnant to the subject or context, -
  - (1) “NGO” means any organization registered by the Bureau to conduct voluntary activities inside Bangladesh and any organization or NGO registered under prevalent law of any foreign country, which is also registered under this Act, shall be included in it;
  - (2) “Prescribed” means prescribed by rules;
  - (3) “Project” means any project approved by the Bureau under this Act;
  - (4) “Rule” means rule framed under this Act;
  - (5) “Foreign Donation” means funds, goods, or any other grants or assistance given in any other form by any foreign Government, organization or any expatriate Bangladeshi citizen, in favor of any organization, NGO or individual to conduct voluntary or Charitable activities inside Bangladesh;
  - (6) “Individual” means a person permitted by the Bureau to receive foreign donations in order to undertake voluntary activities under this Act;
  - (7) “Bureau” means the NGO Affairs Bureau;
  - (8) “Director General” means the Director General of the NGO Affairs Bureau;
  - (9) “Organization” means a non-political, non-profit voluntary association of persons established or registered under the relevant law of Bangladesh by whatever name it may be called with a view to conducting voluntary activities inside Bangladesh

(10) “Voluntary Activities” shall mean and include non-profit social, religious, cultural, economic, educational activities, healthcare, pure drinking water and sewerage system, relief and rehabilitation, agriculture and agricultural development infrastructure, public awareness, poverty alleviation, women’s empowerment, democracy and good governance, human rights, secularism, Activities related to the empowerment of marginal and under-privileged masses and upholding their rights, children and the adolescents, Activities related to the participation of the elderly and retarded people and upholding their rights, equal rights and equal participation, environment conservation and development, climate change, natural resources, efficiency enhancement, science and information technology, vocational activities, social welfare, Research Activities, Activities related to the development and protection of various ethnic groups, upholding right to land and development activities and any other activities which may be specified by the Government from time to time, shall also be included in it.

**3. Conducting Voluntary Activities by taking Foreign Donations.-** Notwithstanding anything contained in any other law for the time being in force, no organization or NGO shall conduct any voluntary activities taking foreign donation without having been registered with the Bureau: Provided no individual shall be required to be registered with the Bureau for undertaking and conducting voluntary activities taking foreign donations, but shall have to obtain prior approval from the Bureau.

#### **4. Registration and renewal of registration.-**

- (1) For registration under this Act application shall be addressed to the Director General in the prescribed manner depositing prescribed fees.
- (2) The application shall contain the particulars as to the amount of the foreign donation, source of its availability and the utilization of the fund along with other relevant information.
- (3) If the application under Sub Section (1) and the information furnished therewith appears to be correct, The Director General shall, subject to the opinion of the Ministry of Home and The Bank and Financial Institution department of the Ministry of Finance issue a Registration Certificate in favor of the applicant for 10 (ten) years renewable after every 10 (ten) years thereafter.
- (4) The application for the renewal of the registration has to be made 6 (six) months prior to the expiry of the 10 (Ten) years tenure of its registration to the Director General depositing the prescribed renewal fees therewith.
- (5) If the application under Sub Section (4) and the information furnished therewith appears to be correct and the activities of the applicant in the previous 10 (ten) years appears to be satisfactory, The Director General shall issue a registration renewal certificate in favor of the applicant for a further period of 10 (Ten) years.
- (6) Registration Certificate shall remain effective till disposal of the application under sub section (5) for renewal of registration.

**5. Prohibition for Acceptance of Foreign Donations. –** The following individuals or institutions shall not accept foreign donations, e.g.:-

- a) Candidates running for any constituency of the parliament or for any office of the local government;
- b) Member of the Parliament;

- c) Elected people's representative to local government council;
- d) Any political party;
- e) Persons holding any constitutional office, including judges of the Supreme Court;
- f) Any officer or employee working in any government, semi-government, autonomous or statutory organization;
- g) Any officer or employee of any NGO or organization registered under this Act;
- h) Any individual or entity enlisted or banned, as the case may be, under Section 18 of the Anti Terrorism Act 2009 (Act XVI of 2009).

**6. Approval of Projects, etc. –**

- (1) No individual or NGO shall accept any foreign donation without approval of projects and activities of such individual or NGO shall be confined with the limit of the approved projects;
- (2) In order to accept foreign donation and incur expenses under sub section (1), project proposal shall be prepared in the prescribed form and an application for approval of the same has to be furnished before the Director General;
- (3) The Bureau, after primary scrutiny of the project proposal, shall obtain opinion from the concerned Ministry related with the project;  
Provided that before undertaking voluntary activities under this Act in Khagrachhari, Rangamati and Bandarban Hill tracts, the concerned individual or NGO shall obtain opinion from the Ministry of Chittagong Hill Tracts Affairs;
- (4) The Bureau shall return the project proposal to the individual or NGO for alteration or correction as the case may be, in accordance with the objection or recommendation made by the concerned Ministry;  
Provided if the Bureau considers the objection or recommendation made by the concerned Ministry unacceptable, it shall forward the proposal to the Prime Minister's Office and take further necessary action according to the directions passed by the Prime Minister's Office;
- (5) No registered NGO or Person shall spend more than 20% of approved expenditure limit of a project in its administrative functions;
- (6) Notwithstanding anything contained in any other provision of this section, In case of any project related to Emergency Relief Program during any natural calamities or after any such disaster the Director General shall issue an order of release of fund from foreign donation including approval of the projects within 24 hours of application if the application and information furnished therewith appears to be appropriate.

**7. Granting Assistance by NGO etc.-** Any NGO registered under this Act may grant assistance to any Bangladeshi non-government voluntary organization from foreign donation received by it, under the following conditions, e.g.-

- (a) The entity receiving the grant must be a registered organization under prevalent laws of Bangladesh;
- (b) The approved project proposal of the granting NGO or individual must contain the details of the receiving NGO along with an outline of expenditure of fund to be granted
- (c) The granting NGO or individual shall guarantee the implementation of the project in accordance with the conditions of approval of the project.

**8. Appointment of Foreign Consultant, Advisor or Officer and Foreign Tours. –**

- (1) If the appointment of foreign consultants, advisors or officers are provided for in the approved Proposal of the Project, the NGO or individual undertaking the same shall apply to the Director General for the appointment, extension of appointment and their security clearance in the prescribed form limiting such appointment within the approved man-month of such expatriate employees or consultants;
- (2) The Director General shall approve the application received under sub section (1) if such application and relevant information are found to be correct.  
Provided the opinion of the Ministry of Home has been taken in case of issuing security clearance of such expatriate employees or consultants;
- (3) The bureau shall be apprised of any official tour abroad of any individual engaged in voluntary activities spending the money of the approved budget of any project

**9. Maintenance of Account of Foreign Donations. –**

- (1) Every individual or NGO shall receive all foreign donations in foreign exchange or in local currency through a specific Bank account (mother account) maintained with any scheduled Bank;
- (2) No Bank shall debit such account of foreign donation to the benefit of any individual or NGO without the Approval of the releasing of fund issued by the bureau;
- (3) The Bangladesh Bank shall send to the Bureau and the Economic Relations Division half yearly statement of accounts of foreign exchange received by every individual or NGO in the months of July and January in every year;
- (4) The Bangladesh Bank shall send to the Bureau and the Economic Relations Division statement of accounts of foreign exchange received by any individual or NGO registered under this Act, in accordance with their requirements;

**Explanation:** For the purpose of this section Bangladesh Bank shall mean the Bangladesh Bank established under Article 3 of the Bangladesh Bank Order 1972 (President's Order No 127 of 1972 ).

**10. Power to make Inspection, Monitoring and Review.-**

- (1) The Bureau shall, from time to time, make inspection, monitoring and review of voluntary activities and their progress conducted by any individual or NGO under this Act;
- (2) The Bureau shall form and constitute Monitoring Committee for the purpose of the sub section
  - (1) and if necessary, shall appoint third party assessor;
- (3) During inspection, monitoring and review, each NGO shall supply all concerned statements, ledger of accounts, documents and information according to requirement;
- (4) On behalf of the Bureau, the Divisional Commissioners within their respective jurisdictions shall, in the prescribed manner, monitor and coordinate voluntary activities conducted by the NGOs;
- (5) On behalf of the Bureau, the Deputy Commissioners and in appropriate cases the Upazila Nirbahi Officers within their respective jurisdictions shall review voluntary activities undertaken by the NGOs and their progress through monthly coordination meetings and if any sort of irregularity is noticed regarding any activity by the concerned NGO, the Deputy

Commissioner shall inform the Bureau about the matter through a written statement and in appropriate cases the Upazilla Nirbahi Officer shall inform the Deputy Commissioner about the matter through a written statement with intimation to the Bureau;

- (6) The Chittagong Hill Tracts Regional Council established under the Chittagong Hill Tracts Regional Council Act 1998 (Act XII of 1998) shall coordinate and supervise overall activities of the NGOs within their respective jurisdictions in the prescribed manner and in accordance with the provisions of section 22(g) of the said Act;
  - (7) There shall be a committee at the District level to supervise and evaluate activities of the NGOs in the Chittagong Hill Tracts area and the said committee shall review and coordinate activities of the NGOs in meetings convened at least once in every four months;
  - (8) The NGOs mentioned in sub section (7) shall submit regular reports to the convener of the committee regarding their activities and send copies of such reports to the Chittagong Hill Tracts Regional Council.
- 11. Constitution and Managing Committee.-** Each NGO shall have a Constitution regarding its formation, goals, objectives and management and the Constitution shall mention about the Managing Committee and the General Committee.

**12. Audit and Accounts.-**

- (1) Each NGO and individual shall in the prescribed manner, maintain its accounts and prepare annual statement of accounts;
- (2) On completion of the project vouchers of expenditure shall be preserved for 5 (five) years in the prescribed manner, in appropriate cases, by the concerned person, central office of the NGO and the field level offices.

**13. Report and Declaration.-**

- (1) At the end of each Financial Year each NGO and individual, in the prescribed manner, shall submit before the Director General, an annual statement containing activities performed in the said Financial Year;
- (2) The Director General, if required, can call for any explanation of any of the information provided in the annual report submitted by the NGO or individual, and such NGO and individual shall be bound to supply the same to the Director General;
- (3) Unless any individual or NGO is exempted by a written order of the Government, each individual or NGO undertaking and conducting voluntary activities fully or partially funded by foreign donation, shall submit to the Director General, a Declaration within the time frame and in the manner prescribed by him and such Declaration shall contain the amount received as foreign donation, its source and utilization.

- 14. Offences.-** If any NGOs or Individual violates any provision of this Act or any rules or orders promulgated hereunder, Or pass any malicious and indecent (Derogatory and reproachful) comments regarding the constitution of Bangladesh or any constitutional institutions or engage it in any anti state activities or in financing, patronizing or supporting militancy and terrorist activities or having involvement with women and children trafficking or smuggling of narcotics and arms then it shall be treated to be an offence under the law for the time being in force.

- 15. Punishment for Offences.** – (1) If any offence is committed under Section 14, the Director

General may

- (a) by issuing a letter, direct the said NGO or individual to be cautioned or rectified within the time specified therein.
- (b) in the prescribed manner, cancel or postpone the registration accorded by the Bureau in favor of the said NGO or stop the voluntary activities undertaken by the said NGO or individuals
- (c) In case the NGO or the Individuals commit an offence of receiving foreign donation without permission or approval as the case may be, the Director General may, in the prescribed manner, realize fine equivalent to any amount between the amount of foreign donation so received and the amount three times of the received foreign donations.
- (d) may take necessary action in order to punish the concerned NGO or individual under prevalent laws of the country
- (2) Penal action may be taken against any official of any NGO if he/she commits any offence under this Act:

Provided that if any person can prove that the offence was not committed within his/her knowledge or he/she had taken sufficient preventive measures so that the offence could not be committed, in such cases the person concerned shall not be punishable for such offence.

**16. Measures to be taken in case of cancellation of registration accorded by the Bureau or postponement of activities, etc.-** If registration of any NGO under this Act is cancelled or its activities are postponed or term of its registration is expired or it is abolished on any other grounds, the Director General with prior permission from the Government, shall order as follows, e.g. –

- (a) Order restraining any Bank or individual with whom fund from foreign donation in favor of the concerned NGO is deposited or any movable or immovable property, securities or any other property acquired by the said NGO is entrusted from selling or transferring any property without written permission by the Director General;
- (b) Appointment of Administrator in order to abolish any NGO or instituting and conducting litigations for any other reasons;
- (c) Order of transfer of residual fund or asset to the concerned foreign donor after paying off all debts and liabilities of such NGO,;
- (d) Order of transfer of residual fund or asset under paragraph (c), to the Government account or in appropriate cases, to any other NGO having similar objectives as of the abolished NGO, in case such fund or asset cannot be transferred in favor of the concerned foreign donor.

**17. Appeal.-** (1) Any NGO or individual, being aggrieved by any order passed by the Bureau, shall prefer an appeal before the Secretary, Prime Minister's Office, within 30 (thirty) working days of such order and the Secretary, Prime Minister's Office, shall be deemed to be the appellate authority:

Provided that the appellate authority shall extend the time limit for preferring an appeal by a maximum of 15 (fifteen) working days, on an application by the applicant in case the applicant fails to prefer an appeal within the stipulated time of 30 (thirty) working days on a reasonable grounds.

- (2) An appeal under sub section (1) shall be disposed off within 30 (thirty) working days from



the date of admission or receipt of the appeal.

(3) The appellate authority shall uphold, annul or revise any orders given by the Bureau.

(4) Decision given under sub section (3) shall be deemed as final.

**18. Union of the NGOs.-** Union may be formed taking individual NGOs as its members with a view to establishing coordination amongst registered NGOs under this Act and extend cooperation to the Government.

**19. Power to make rules.-** In order to meet objectives of this Act, the Government, by Notification in the Official Gazette, shall make rules:

Provided that until Rules are formulated, the Government, if required, by general or special orders, subject to conformity with this Act, shall issue instructions about taking or performing any action.

**20. Issuing Executive Orders.-** In order to meet objectives of this Act, the government, if required, shall issue executive orders, from time to time.

**21. Repeals and Savings.-** (1) Foreign Donations (Voluntary Activities) Regulation Ordinance 1978 (Ordinance No XLVI of 1978) and Foreign Contributions (Regulation) Ordinance 1982 (Ordinance No XXXI of 1982) are hereby repealed.

(2) In spite of such repeal under sub section (1), under the two repealed Ordinances-

(a) any act or action or any rule made or order issued, circular or notification or any notice served or any allegation instituted or petition filed subject to be in conformity with the provisions of this Act, shall be deemed to be made, issued, notified, given, instituted and submitted under this Act;

(b) any ongoing proceedings, subject to be in conformity with the provisions of this Act, shall be ongoing and uninterrupted in such a manner that the same have been adopted under this Act; and

(c) any litigation or legal proceedings under disposal of any court on the date of commencement of this Act, shall be disposed of in such a manner under the provisions of the two repealed Ordinances that the said two Ordinances have not been repealed.

**22. Publication of Authentic English Text. -** (1) After commencement of this Act the Government by Notification in the Official Gazette, shall publish an Authentic English Text translated from the Bangla Text of this Act.

(2) In the event of conflict between the Bangla and the English Text, the Bangla text shall prevail.

**ANNEXURE - B:**  
**PM's office, GoB, Circular (Paripatra):**  
**Ref: 03.070.022.03.00.013.2021-218**  
**date: 25/11/2021**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়

পরিপত্র •

পুরাতন সংসদ ভবন  
ঢাকা

পত্র সংখ্যাঃ ০৩.০৭০.০২২.০৩.০০.০১৩.২০২১-২১৮

১০ অগ্রহায়ণ ১৪২৮  
তারিখঃ-----  
২৫ নভেম্বর ২০২১

বিষয়ঃ বাংলাদেশে কর্মরত বৈদেশিক সাহায্যপুষ্টি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী।

বাংলাদেশে কর্মরত বৈদেশিক সাহায্যপুষ্টি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) কার্যাবলী সমন্বয় ও পরিচালনার উদ্দেশ্যে বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৩ নং আইন) এর ধারা ২০-এ প্রদত্ত ক্ষমতাবলে এ পরিপত্র প্রণয়ন করা হলোঃ

০২. এনজিও বিষয়ক ব্যুরো নিম্নবর্ণিত দায়িত্বসমূহ পালন করবে:

- ক. বৈদেশিক সাহায্যপুষ্টি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের নিবন্ধন, নিবন্ধন নবায়ন, নাম পরিবর্তন, গঠনতন্ত্র অনুমোদন এবং নিবন্ধন বাতিল;
- খ. ব্যক্তি/ এনজিও কর্তৃক দাখিলকৃত বৈদেশিক অনুদানে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদন ও অর্থছাড়করণ;
- গ. এনজিওসমূহের বিদেশি কর্মকর্তা/পরামর্শকের নিয়োগপত্র সত্যায়ন, কার্যনুমতি ও মেয়াদ নির্ধারণ;
- ঘ. এনজিওসমূহের হিসাব নিরীক্ষার জন্য চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম (সি এ ফার্ম) তালিকাভুক্তকরণ;
- ঙ. এনজিও কর্তৃক দাখিলকৃত বার্ষিক প্রতিবেদন ও অডিট প্রতিবেদন পরীক্ষণ, মূল্যায়ণ ও গ্রহণ;
- চ. ব্যক্তি/এনজিও কর্তৃক পরিচালিত স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- ছ. সরকার কর্তৃক ধার্যকৃত বিভিন্ন ফি ও এর উপর প্রযোজ্য ভ্যাট আদায়;
- জ. অনুমোদিত প্রকল্পসমূহের প্রযোজ্য খাতে সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট/ট্যাক্স কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিতকরণ;
- ঝ. সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং এনজিওসমূহের সাথে যোগাযোগ ও সমন্বয়;
- ঞ. অভিযুক্ত এনজিও'র বিলুপ্তি ব্যবস্থা গ্রহণ;
- ট. সময় সময়ে সরকার প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

০৩. ব্যক্তি কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন।

- (১) কোন ব্যক্তি বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনা করতে চাইলে এফসি-২ ফরম অনুসারে মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (২) উপানুচ্ছেদ-১ এর অধীন আবেদন প্রাপ্তির পর পরীক্ষণে যথাযথ প্রতীয়মান হলে মহাপরিচালক সুরক্ষা সেবা বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মতামত সাপেক্ষে অনুমোদন প্রদান করবে।

০৪. এনজিও বা সংস্থা কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন, নিবন্ধন নবায়ন ও নাম পরিবর্তন।

- (১) কোন এনজিও বা সংস্থা বৈদেশিক অনুদান গ্রহণক্রমে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ করতে চাইলে তফসিল-১ এ নির্ধারিত ফি প্রদান করে তফসিল-২ এ উল্লিখিত কাগজপত্র এবং তথ্যাদিসহ এফডি-১ ফরম অনুসারে মহাপরিচালকের নিকট আবেদন করবে। তবে শর্ত থাকে যে, নিবন্ধনের আবেদনের সাথে সংযুক্ত বৈদেশিক

অনুদানের প্রতিশ্রুতিপত্রে প্রতিশ্রুত বৈদেশিক অনুদানের পরিমাণ ৫০০০ ইউএস ডলারের সমপরিমাণ অর্থের চাইতে কম হবে না।

- (২) সংস্থার নির্বাহী কমিটিতে একই পরিবারের (মা-বাবা, স্বামী-স্ত্রী, আপন ভাই-বোন, সন্তান) একাধিক সদস্য থাকতে পারবে না।
- (৩) উপানুচ্ছেদ-১ এর অধীন আবেদন প্রাপ্তির পর সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি প্রাথমিকভাবে পরীক্ষা-নিরীক্ষাক্রমে মহাপরিচালকের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে আবেদনটির উপর মতামত প্রদানের জন্য সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করবে।

ক. সুরক্ষা সেবা বিভাগ নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনা করে তাদের মতামত প্রদান করবে:

১. সংস্থা বা সংশ্লিষ্ট ব্যক্তি রাষ্ট্র/সমাজ বিরোধী কাজে লিপ্ত কিনা এবং সংশ্লিষ্ট ব্যক্তিগণ রাষ্ট্র বা সমাজ বিরোধী বা নৈতিকতা বিরোধী অপরাধের জন্য দন্ডিত হয়েছিলেন কিনা ;
২. সংস্থার নির্বাহী কমিটির সদস্যগণের পরিচিতি, পারস্পারিক সম্পর্ক (একই পরিবারের একাধিক সদস্য আছে কিনা) ও সামাজিক অবস্থান;
৩. সমাজকল্যাণমূলক কাজে সংস্থার পূর্ব অভিজ্ঞতা; এবং
৪. সংস্থার নির্দিষ্ট কার্যালয় সম্পর্কিত তথ্য।

খ. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনা করে তাদের মতামত প্রদান করবে:

১. সংস্থা বা সংশ্লিষ্ট ব্যক্তি মানি লন্ডারিং/সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন সংক্রান্ত অপরাধে লিপ্ত কিনা কিংবা বাংলাদেশ সরকার অথবা কোন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক অভিযুক্ত/কালো তালিকাভুক্ত কিনা;
২. সংস্থা কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাব আর্থিক নিয়মাবলী যথাযথভাবে অনুসরণে পরিচালিত হয় কিনা;
৩. সংস্থার কোন সদস্য সরকার নিয়ন্ত্রিত কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ খেলাপী ঘোষিত কিনা;
- (৪) সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ উপানুচ্ছেদ-২ এর অধীন আবেদন বিষয়ে অনধিক ৬০(ষাট) কার্যদিবসের মধ্যে মতামত প্রদান করবে। ৬০(ষাট) কার্যদিবসের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিভাগের কোন আপত্তি নেই মর্মে ধরে নেয়া হবে।
- (৫) সুরক্ষা সেবা বিভাগ বা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সংশ্লিষ্ট বিষয়ে কোন আপত্তি বা পর্যবেক্ষণ থাকলে উক্ত আপত্তি বা পর্যবেক্ষণের বিষয় মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরোকে অবহিত করবে এবং ব্যুরো সংশ্লিষ্ট সংস্থাকে অবগত করবে।
- (৬) সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে অনাপত্তি পাওয়া গেলে মহাপরিচালক সংশ্লিষ্ট এনজিও বা সংস্থাকে তফসিল-৪ এ বর্ণিত শর্তে ফরম-১ অনুযায়ী নিবন্ধন সনদ ইস্যু করবে।
- (৭) সংস্থাকে নিবন্ধন সনদের মেয়াদ অতিক্রান্ত হওয়ার ৬ (ছয়) মাস পূর্বে তফসিল-১ এ উল্লিখিত ফি প্রদান করে তফসিল-৩ এ উল্লিখিত কাগজপত্রসহ এফডি-৮ ফরম অনুযায়ী নিবন্ধন নবায়নের জন্য মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (৮) মহাপরিচালক, নিবন্ধন সনদ নবায়নের আবেদন এবং সংস্থার সর্বশেষ ০৩(তিন) বছরের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হলে ফরম-২ অনুযায়ী নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করবে।
- (৯) এনজিও'র নাম পরিবর্তনের জন্য দেশি এনজিও'র ক্ষেত্রে তফসিল-৫.১ এবং বিদেশি এনজিও'র ক্ষেত্রে ৫.২ এ উল্লিখিত শর্তাবলী অনুসরণ করে মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (১০) উপানুচ্ছেদ ০৮ অনুযায়ী প্রাপ্ত আবেদন সন্তোষজনক বিবেচিত হলে ফরম-৩ অনুযায়ী মহাপরিচালক নাম পরিবর্তন সনদ ইস্যু করবে।
- (১১) এনজিও বিষয়ক ব্যুরো প্রতিটি এনজিও'র নিবন্ধনের মেয়াদ উল্লেখপূর্বক এনজিও'র তালিকা ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদ করবে।



০৫. প্রকল্প অনুমোদন ও অর্থছাড়করণ।

- (১) এনজিওসমূহ প্রকল্প অনুমোদনের জন্য এফডি-৬ ফরমে মহাপরিচালকের নিকট আবেদন দাখিল করবে।
- (২) উপানুচ্ছেদ-১ এর অধীন আবেদন প্রাপ্তির পর মহাপরিচালক তা প্রাথমিক পরীক্ষান্তে সন্তোষজনক বিবেচিত হলে মতামতের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগে প্রেরণ করবে।
- (৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ উপানুচ্ছেদ-২ মোতাবেক চাহিত মতামত ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কোন আপত্তি নেই মর্মে ধরে নেয়া হবে।
- (৪) মন্ত্রণালয়/বিভাগ হতে মতামত প্রাপ্তির পর উক্ত মতামতের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে ব্যুরো প্রকল্প প্রস্তাব পরিবর্তন বা সংশোধন করার জন্য সংশ্লিষ্ট এনজিওকে পরামর্শ প্রদান করবে।
- (৫) মন্ত্রণালয়/বিভাগের মতামত অগ্রহণযোগ্য মনে করলে ব্যুরো উক্ত বিষয়ে মতামত প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক ব্যুরো পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।
- (৬) মন্ত্রণালয়/বিভাগ এর মতামত এবং ক্ষেত্রমত প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিদ্ধান্ত প্রাপ্তির পর মহাপরিচালক উপানুচ্ছেদ-১ এর অধীন দাখিলকৃত আবেদন নিষ্পত্তি করবে।
- (৭) প্রত্যেকটি এনজিওর একটিমাত্র মূল একাউন্ট ( মাদার একাউন্ট) থাকবে। উক্ত মাদার একাউন্টের মাধ্যমে সংস্থার সমুদয় বৈদেশিক অনুদানের অর্থ গ্রহণ করতে হবে। এফডি-৬ এর ক্ষেত্রে প্রতিটি প্রকল্পের বিপরীতে পৃথক 'প্রকল্প হিসাব' খুলে মাদার একাউন্ট থেকে সংশ্লিষ্ট প্রকল্পের সমুদয় অর্থ উক্ত হিসাবে স্থানান্তর করে ব্যয় নির্বাহ করতে হবে।
- (৮) যৌক্তিক কারণে মাদার একাউন্ট পরিবর্তনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ব্যুরোর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- (৯) প্রকল্পের মেয়াদ একবর্ষী/বহুবর্ষী হতে পারে। একবর্ষী প্রকল্পের মেয়াদ ১(এক) বছর বা তার কম যে কোন মেয়াদী হতে পারে। তবে বহুবর্ষী প্রকল্পের মেয়াদ ৫(পাঁচ) বছরের অধিক হবে না।
- (১০) একবর্ষী প্রকল্পের ক্ষেত্রে প্রথম কিস্তিতে মোট বাজেটের সর্বাধিক ৮০% অর্থ ছাড় করা যাবে। পরবর্তীতে প্রকল্পের অগ্রগতি ও সংস্থার সার্বিক কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হলে অবশিষ্ট ২০% অর্থ ছাড় করা হবে। প্রকল্প সমাপ্তির দুইমাসের মধ্যে অবশ্যই সমাপনী প্রতিবেদন, স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ও অডিট রিপোর্ট দাখিল করতে হবে।
- (১১) বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে প্রথম বর্ষের বৈদেশিক অনুদানের সমুদয় অর্থছাড়ের জন্য ব্যুরো আদেশ জারিপূর্বক তার অনুলিপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বিআইএফইউ, সংস্থার মাদার একাউন্ট পরিচালনাকারী ব্যাংক, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করবে।
- (১২) বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে পরবর্তী প্রকল্প বর্ষ/বর্ষসমূহের অনুমোদিত বাজেটের প্রথমার্ধের ৫০% অর্থছাড়ের জন্য এফডি-২ ফরম, এফডি-৩ ফরম এবং বিগত বছরের অগ্রগতি প্রতিবেদনসহ মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (১৩) উপানুচ্ছেদ-১২ অনুযায়ী দাখিলকৃত আবেদনের তথ্যাদি ব্যুরোর নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ব্যুরো চাহিত অর্থছাড়ের আদেশ জারি করবে।
- (১৪) বহুবর্ষী প্রকল্পের ২য় থেকে পরবর্তী প্রকল্প বর্ষের অবশিষ্ট ৫০% অর্থছাড়ের জন্য ফরম-৫ অনুযায়ী পূর্ববর্তী বর্ষের বার্ষিক প্রতিবেদন, ফরম-৭ অনুযায়ী জেলা প্রশাসক বা ক্ষেত্রমত উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র, অডিট রিপোর্ট গ্রহণপত্র দাখিল করতে হবে এবং দাখিলকৃত তথ্যাদি যাচাইয়াত্তে সন্তোষজনক বিবেচিত হলে অবশিষ্ট অর্থ ছাড়ের আদেশ জারি করবে।
- (১৫) ব্যুরো বৈদেশিক অনুদানের সমুদয় অর্থ দেশীয় মুদ্রায় অনুমোদন করবে;

তবে শর্ত থাকে যে, প্রতিশ্রুত বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধির কারণে বা ব্যাংক কর্তৃক সুদ/ মুনাফা প্রদত্ত হলে বা প্রতিশ্রুত অর্থের বেশী পাওয়া গেলে সংস্থাকে ব্যুরো হতে উক্ত অর্থ ব্যয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

- ১৬) দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী জরুরি ত্রাণ কর্মসূচি পরিচালনা করতে উদ্যোগী ব্যক্তি বা এনজিওসমূহ এফডি-৭ ফরম অনুযায়ী প্রকল্প প্রস্তাব অনুমোদন ও বৈদেশিক অনুদান অবমুক্তির জন্য মহাপরিচালক বরাবর আবেদন করবে।
- (১৭) উপানুচ্ছেদ-১৬ এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট তথ্যাদিসহ আবেদনটি যথাযথ বিবেচিত হলে মহাপরিচালক ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে প্রকল্প প্রস্তাব অনুমোদন ও বৈদেশিক অনুদান অবমুক্তির আদেশ জারি করবে এবং তার অনুলিপি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং আবেদনকারীর মাদার একাউন্ট সংশ্লিষ্ট ব্যাংক, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও সংস্থার নিকট প্রেরণ করবে। প্রকল্প সমাপ্তির অনধিক ০২ (দুই) মাসের মধ্যে ব্যুরোর নিকট সমাপনী প্রতিবেদন, অডিট রিপোর্ট ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- (১৮) বিদেশি এনজিও সরাসরি প্রকল্প বাস্তবায়ন না করে বিভিন্ন দেশি এনজিওকে অনুদান প্রদান করার ক্ষেত্রে উক্ত বিদেশি এনজিও'র প্রশাসনিক ব্যয় বৈদেশিক অনুদানে নির্বাহের জন্য এফডি-৬ ফরমে প্রকল্প প্রস্তুত করে অর্থছাড়ের জন্য এফডি-২ ফরমের ৩টি অনুলিপি সহ অনুমোদনের জন্য ব্যুরোতে দাখিল করতে হবে। আবেদন যথাযথ বিবেচিত হলে মহাপরিচালক প্রকল্প অনুমোদন ও অর্থছাড়ের আদেশ জারি করবেন।
- (১৯) কোন প্রকল্পের অনুমোদিত ব্যয়ের অনধিক ২০% অর্থ প্রশাসনিক খাতে ব্যয় করা যাবে, তবে আবশ্যিকভাবে প্রশাসনিক ব্যয়ের সুনির্দিষ্ট ব্যয় বিভাজন দাখিল করতে হবে এবং প্রশাসনিক ব্যয়ের অন্তর্ভুক্ত কোন খাতের ব্যয় প্রকল্প ব্যয় হিসেবে দেখানো যাবে না।
- (২০) এককালীন বৈদেশিক অনুদান গ্রহণ ও তার ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথাঃ
- (ক) বৈদেশিক অনুদান হিসেবে নগদ অর্থ বা কোন সামগ্রী গ্রহণ ও বিতরণ উভয় ক্ষেত্রে এফসি-১ এবং এফডি-২ ফরমে আবেদনপূর্বক ব্যুরোর পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
- (খ) ব্যক্তি কর্তৃক স্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ডের জন্য বৈদেশিক অনুদান গ্রহণের ক্ষেত্রে এফসি-২ এবং এফডি-২ ফরমে মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে;
- (গ) এনজিও'র ক্ষেত্রে উক্তরূপ আবেদন প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যুরো সিদ্ধান্ত প্রদান করবে। প্রকল্প অনুমোদিত হলে অনুদান অবমুক্তির আদেশের অনুলিপি সুরক্ষা সেবা বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট সংস্থা বা ব্যক্তিকে প্রদান করবে। আবেদনকারী কোন ব্যক্তি হলে সুরক্ষা সেবা বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মতামত গ্রহণ করতে হবে;
- (ঘ) বৈদেশিক অনুদান গ্রহণকারী, অনুদান ব্যবহারের অনধিক ২ (দুই) মাসের মধ্যে ব্যুরোর নিকট সমাপনী প্রতিবেদন, অডিট রিপোর্ট ও স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র দাখিল করবে।
- (২১) সকল প্রকল্পের ক্ষেত্রে বৈদেশিক অনুদান ব্যবহারকারীকে জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালা অনুযায়ী প্রযোজ্য খাতে আয়কর, ভ্যাট ও ট্যাক্স কর্তণ করে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে।
- (২২) রাঙামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান পার্বত্য জেলার ক্ষেত্রে কোন প্রকল্প অনুমোদনের আবেদন ব্যুরোতে দাখিলের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তি বা এনজিও-কে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নিকট হতে মতামত গ্রহণ করতে হবে।
- (২৩) এনজিওসমূহ জেলা-উপজেলার বাজেট উল্লেখপূর্বক প্রকল্প সম্পর্কিত সকল তথ্য ওয়েবসাইটে প্রকাশ করবে।
- (২৪) এনজিওসমূহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করে চলবেঃ
১. উপজাতীয় ও অ-উপজাতীয় বাসিন্দাদের সম্প্রীতিতে বিঘ্ন ঘটায় এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না;
  ২. ধর্মীয় অনুভূতি বিরোধী কর্মকান্ড পরিচালনা এবং ধর্মান্তরিত করা যাবে না;
  ৩. সাম্প্রদায়িক কাজে উস্কানী প্রদান করে এমন কোন কাজ করা যাবে না;
  ৪. জাতীয় বা আঞ্চলিক নিরাপত্তা বিঘ্নিত করে এমন কোন কাজ করা যাবে না;



৫. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এমন কোন কর্মকান্ড করা যাবে না যা ঐ এলাকার অধিবাসীদের বিচ্ছিন্নতাবাদ বা গোষ্ঠীগত আন্দোলন উৎসাহিত করে;
৬. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন রাজনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত হতে পারবে না; এবং
৭. দেশী/বিদেশী বিচ্ছিন্নতাবাদী কোন ব্যক্তি/সংগঠন বা রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্ট থেকে কোন উল্লেখ্যমূলক কর্মকান্ড পরিচালনা করা যাবে না।

০৬। এনজিও কর্তৃক অন্য কোন এনজিও বা সংস্থাকে সাহায্য প্রদান।

কোন এনজিও কর্তৃক অন্য কোন এনজিও বা সংস্থাকে কোন প্রকল্পের জন্য অনুদান বা আর্থিক সাহায্য প্রদান করার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের কার্যক্রমের বিস্তারিত বিবরণ ও অর্থ ব্যয়ের রূপরেখা এফডি-৬ এর সংলগ্নী-‘ক’ অনুযায়ী ব্যুরোতে দাখিল করতে হবে। তবে সাহায্য গ্রহণকারী সংস্থাকে অবশ্যই ব্যুরোর নিবন্ধিত দেশী এনজিও হতে হবে।

০৭। বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা, স্বেচ্ছাসেবী নিয়োগ ও তাদের বিদেশ ভ্রমণ।

- (১) কোন অনুমোদিত প্রকল্পে বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবী নিয়োগের সংস্থান থাকলে তাদের নিয়োগ, নিয়োগের মেয়াদ বৃদ্ধি এবং এন ভিসা প্রাপ্তির লক্ষ্যে চাকুরীর নিয়োগপত্র সত্যায়নের জন্য এফডি-৯ অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (২) উপানুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর তা যথাযথ বিবেচিত হলে মহাপরিচালক নিয়োগপত্র অনুমোদন ও সত্যায়নসহ সংশ্লিষ্ট সংস্থা বা এনজিওকে পত্র প্রদান করবে।
- (৩) বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবী-কে বাংলাদেশে কর্মে যোগদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কার্যনুমতির জন্য এফডি-৯(১) অনুযায়ী মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (৪) মহাপরিচালক উপানুচ্ছেদ (৩) এর অধীন প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর বছরভিত্তিক তাদের কার্যনুমতি (Work Permit) প্রদান করবে।
- (৫) বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, কর্মকর্তা বা স্বেচ্ছাসেবীকে প্রতিবার বাংলাদেশে আগমন ও প্রত্যাবর্তনের ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ব্যুরোকে অবহিত করতে হবে।
- (৬) কোন প্রকল্পে মোট জনবলের ৫% এর বেশি বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, স্বেচ্ছাসেবী বা কর্মকর্তা নিয়োগ দেয়া যাবে না। তবে কারিগরি সহায়তা প্রদান প্রকল্পের ক্ষেত্রে ১০% পর্যন্ত বিবেচনা করা যাবে।
- (৭) এনজিওসমূহ বিদেশি বিশেষজ্ঞ, উপদেষ্টা, এবং কর্মকর্তাসহ জনবল নিয়োগ এবং চাকুরিচ্যুতির ক্ষেত্রে বাংলাদেশের প্রচলিত বিধি-বিধানের সাথে সামঞ্জস্য রেখে যথাযথ তদন্ত, কারণ দর্শানো এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ সম্বলিত নিজস্ব মানবসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন করবে।
- (৮) নিয়োগকারী এনজিও কর্তৃক নিয়োগকৃত বিদেশি বিশেষজ্ঞকে প্রদত্ত সকল বেতন/ভাতার উপর জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে আয়কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করবে।

০৮। পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ।

- (১) মহাপরিচালক বৈদেশিক অনুদানে পরিচালিত প্রকল্পসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে এবং পরিদর্শনে প্রাপ্ত সুপারিশের আলোকে সংস্থার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (২) মনিটরিং কমিটিতে ব্যুরো বহিঃপর্যবেক্ষণকারী নিয়োগ করতে পারবে; যাতে সংশ্লিষ্ট এনজিও'র একজন প্রতিনিধি থাকবে।
- (৩) বহিঃপর্যবেক্ষণকারীর ব্যয় ব্যুরো তার তহবিল হতে বহন করবে।
- (৪) বহিঃপর্যবেক্ষণকারীর কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান না হলে মহাপরিচালক উক্ত বহিঃপর্যবেক্ষণকারীকে অপিত দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করবে।
- (৫) উপানুচ্ছেদ (৪) এর অধীন অব্যাহতিপ্রাপ্ত বহিঃপর্যবেক্ষণকারী পরবর্তী পাঁচ বছরের জন্য ব্যুরোর সব ধরনের কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য বিবেচিত হবে।

(৬) বিভাগীয় কমিশনার তার এখতিয়ারাধীন এলাকায় কর্মরত এনজিওসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় করবেন এবং বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভাগের এনজিওসমূহের কর্মকাণ্ড পর্যালোচনা করবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে ব্যুরোকে অবহিত করবে।

(৭) পার্বত্য জেলা ব্যতিত অন্যান্য জেলার ক্ষেত্রে জেলা প্রশাসকগণ এনজিও বিষয়ক ব্যুরো'র পক্ষে তাদের নিজ নিজ এলাকার এনজিওদের কার্যক্রম পরিবীক্ষণ ও তদারকির দায়িত্ব পালন করবেন। নিম্নবর্ণিত কমিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিওসমূহের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম পর্যালোচনা করবেঃ

(১) জেলা প্রশাসক	-	সভাপতি
(২) পুলিশ সুপার	-	সহ-সভাপতি
(৩) সিভিল সার্জন	-	সদস্য
(৪) উপজেলা চেয়ারম্যান (সকল)	-	সদস্য
(৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা)	-	সদস্য
(৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)	-	সদস্য
(৭) জেলা মৎস্য কর্মকর্তা	-	সদস্য
(৮) জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা	-	সদস্য
(৯) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	-	সদস্য
(১০) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	-	সদস্য
(১১) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	-	সদস্য
(১২) উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর	-	সদস্য
(১৩) উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	-	সদস্য
(১৪) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর	-	সদস্য
(১৫) উপ-পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	-	সদস্য
(১৬) জেলা সমবায় কর্মকর্তা	-	সদস্য
(১৭) জেলা শিক্ষা অফিসার	-	সদস্য
(১৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	-	সদস্য
(১৯) জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার	-	সদস্য
(২০) উপ/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	-	সদস্য
(২১) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	-	সদস্য
(২২) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা	-	সদস্য
(২৩) এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত সকল এনজিও বা সংস্থার একজন করে প্রতিনিধি	-	সদস্য
(২৪) সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার (এনজিও সেল)- সদস্য সচিব।		

তবে ০৩ (তিন) পার্বত্য জেলার জেলা প্রশাসকগণও বৈদেশিক অনুদান (শেষছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ১০(৫) ধারা মোতাবেক তাঁর অধিক্ষেত্রভুক্ত এনজিওসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করবে।

(৮) পার্বত্য চট্টগ্রাম এলাকায় পরিচালিত এনজিওসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও মূল্যায়ন করার জন্য জেলা পর্যায়ে নিম্নবর্ণিত একটি কমিটি থাকবে এবং কমিটি প্রতি ০৪ (চার) মাসে অনূন ০১(এক)টি সভা অনুষ্ঠানের মাধ্যমে এনজিওদের কার্যক্রম পর্যালোচনা ও সমন্বয় করবেঃ

১. চেয়ারম্যান, সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদ	-	আহ্বায়ক
২. সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি (অতিরিক্ত জেলা প্রশাসক)	-	সদস্য-সচিব
৩. পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের একজন প্রতিনিধি	-	সদস্য
৪. সংশ্লিষ্ট জেলার সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক	-	সদস্য
৫. সংশ্লিষ্ট সরকারি অধিদপ্তরের জেলা পর্যায়ে কর্মকর্তা	-	সদস্য
৬. জেলায় কর্মরত সকল এনজিও'র একজন করে প্রতিনিধি	-	সদস্য
৭. উপ/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	-	সদস্য
৮. সংশ্লিষ্ট এলাকার সার্কেল চীফ অথবা তার প্রতিনিধি	-	সদস্য



- (৯) পার্বত্য জেলা ব্যতিত অন্যান্য জেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের নিজ নিজ এলাকার এনজিওসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও তদারকি করবে। সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এ কমিটির উপদেষ্টা হিসেবে থাকবেন। নিম্নবর্ণিত কমিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিওসমূহের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম পর্যালোচনা করবেঃ

১.	উপজেলা নির্বাহী অফিসার	- সভাপতি
২.	সহকারী কমিশনার (ভূমি)	- সদস্য
৩.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	- সদস্য
৪.	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	- সদস্য
৫.	উপজেলা কৃষি অফিসার	- সদস্য
৬.	উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা	- সদস্য
৭.	উপজেলা প্রকৌশলী	- সদস্য
৮.	উপজেলা মৎস্য কর্মকর্তা	- সদস্য
৯.	অফিসার ইনচার্জ	- সদস্য
১০.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	- সদস্য
১১.	উপজেলা শিক্ষা অফিসার	- সদস্য
১২.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	- সদস্য
১৩.	উপজেলা সমবায় কর্মকর্তা	- সদস্য
১৪.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	- সদস্য
১৫.	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	- সদস্য
১৬.	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা	- সদস্য
১৭.	উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা	- সদস্য
১৮.	উপজেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	- সদস্য
১৯.	উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	- সদস্য
২০.	এনজিও প্রতিনিধি (সকল)	- সদস্য
২১.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	- সদস্য সচিব।

তবে ০৩ (তিন) পার্বত্য জেলার উপজেলা নির্বাহী অফিসারগণও বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ১০(৫) ধারা মোতাবেক তাঁর অধিক্ষেত্রভুক্ত এনজিওসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করবে।

- (১০) এনজিওসমূহ ফরম-৪ অনুযায়ী তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করবে।
